অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সুপার বোল উইকেন্ডে অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে প্রশাসনিক অভিযানের কথা ঘোষণা করেছেন

10 ফেব্রুয়ারি থেকে 13 ফেব্রুয়ারি পর্যন্ত কড়া প্রশাসনিক অভিযান পরিচালনা করা হবে

2022 সালের অভিযান চলাকালীন সময়ে DWI-এর জন্য 900 এরও বেশি ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে এবং 26,000 চালান কাটা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সুপার বোল উইকএন্ড এর সময়ে নিউ ইয়র্কের স্টেট ও স্থানীয় পর্যায়ের আইন প্রয়োগকারী সংস্থাগুলো টহল বৃদ্ধি করবে এবং অপ্রকৃতিস্থভাবে গাড়ি চালানোকে টার্গেট করবে। প্রশাসনিক অভিযান শুক্রবার, 10 ফেব্রুয়ারি, 2023 থেকে সোমবার, 13 ফেব্রুয়ারি, 2023 তারিখ পর্যন্ত চলবে। এই নিরাপত্তার উদ্যোগ অ্যালকোহল এবং মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমানোর জন্য প্রস্তুত করা হয়েছে। গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee) অর্থায়নে STOP-DWI এটির পৃষ্ঠপোষকতা করেছে।

"যেহেতু আপনি বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে একসাথে সুপার বোওল দেখতে যাচ্ছেন তাই আমরা চাই নিউ ইয়র্কের রাস্তায় প্রত্যেকে নিরাপদ থাকুন আর এই কারণেই প্রশাসন অপ্রকৃতিস্থ এবং বিপজ্জনক গাড়ি চালকদের খুঁজতে থাকবে," **বলেছেন গভর্নর হোকল।** "একটি প্ল্যান বানান - একটি ট্যাক্সি ভাড়া করুন, অপ্রকৃতিস্থ গাড়ি চালকদের মর্মান্তিক পরিণতি এড়াতে একজন মনোনীত গাড়ি চালক রাখুন এবং আপনার নিউ ইয়র্ক বাসীদের নিরাপদ রাখুন।"

2022 সালের অভিযানের সময়, পুরো স্টেটে প্রশাসন, নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালানোর (DWI) জন্য 919 জনকে গ্রেফতার করা সহ যানবাহন ও ট্র্যাফিক আইন লঙ্ঘনের জন্য 27,398টি চালান ইস্যু করেছে। এখানে সম্পূর্ণ বিবরণ দেওয়া হল:

লঙ্ঘন	**টিকিটের সংখ্যা**

প্রতিবন্ধী অবস্থায় গাড়ি চালানো	919
মনোযোগ বিক্ষিপ্ত অবস্থায় গাড়ি চালানো	859
মুভ ওভার আইন	102
অন্যান্য লঙ্ঘন	18,898
সিটবেল্ট	694
অত্যাধিক গতিতে গাড়ি চালানো	5,926
সর্বমোট	**27,398**

নিউ ইয়র্কের DMV কমিশনার এবং GTSC-এর সভাপতি মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন, "আমি আমার ঘরের টিম, বাফেলো বিলস-এর প্রতি সমর্থন প্রকাশ করব, সুপার বোল আপনার পরিবার ও বন্ধুবান্ধবের সাথে একত্রিত হওয়ার একটি দারুণ সময়। অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালানো 100 শতাংশ আটকানো যায় এবং দায়িত্বশীল ভাবে গাড়ি চালিয়ে এবং নিরাপদে আপনার গন্তব্যে পৌঁছানোর জন্য আগে থেকে প্ল্যান করে প্রত্যেক মোটোরিস্ট মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার (MVP) হতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "অপ্রকৃতিস্থ ও মাতাল অবস্থায় গাড়ি চালানোর কারণে আঘাত এবং মৃত্যু সম্পূর্ণ প্রতিরোধযোগ্য। আপনার সুপার বোওল প্ল্যানগুলোতে মদ অন্তর্ভুক্ত থাকলে, সবসময় নিরাপদে বাড়ি ফেরার একটি পরিকল্পনা রাখবেন। মদ্যপান করে বা অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালিয়ে ধরা পড়লে কোনও অজুহাত শোনা হবে না এবং আমাদের শূণ্য সহনশীলতা থাকবে। নিউ ইয়র্ক স্টেট পুলিশ চায় সবাই সুপার বোল উইকএন্ড উদযাপন করুক - কিন্তু অনুগ্রহ করে দায়িত্বপূর্ণ ভাবে তা করুন।"

ওসিনিং পুলিশ ডিপার্টমেন্টের প্রধান এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশের (New York State Association of Chiefs of Police) এর প্রেসিডেন্ট কেভিন সিলভেস্টার বলেন, "আমরা রবিবারের সুপার বোওলের অপেক্ষায় থাকব, যখন পরিবার এবং বন্ধুবান্ধব একত্রিত হবে এবং একসাথে সময় কাটাবে। আমরা প্রত্যেক ও সকল মোটরিস্টকে দায়িত্বশীল ভাবে কাজ করতে, আমাদের প্রতিবেশীদের সম্মান করতে এবং মার্জিতভাবে গাড়ি চালানোর সনির্বন্ধ অনুরোধ করছি। আপনি যখন মদ্যপান করে গাড়ি চালাবেন তখন কেউ জিতবে না।"

অ্যালবানি কাউন্টির শেরিফ এবং নিউ ইয়র্ক স্টেট শেরিফ'স অ্যাসোসিয়েশনের (New York State Sheriffs' Association) প্রেসিডেন্ট ক্রেগ অ্যাপেল বলেন, "সুপার বোলে কিছু

ভালো খেলা হবে এবং অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি না চালিয়ে আপনারও একটি বড় ভূমিকা নেওয়ার সুযোগ আছে। আপনি একটি সংঘর্ষে জড়িয়ে পড়লে বা অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালানোর জন্য পুলিশ আপনাকে আটকালে, আনাকে সময় দেওয়া হবে না। নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান বাড়িতে নিরাপদে পৌঁছানোর জন্য একটি পরিকল্পনা রেখে এবং অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি না চালিয়ে আপনি সুপার বোল এর MVP হয়ে উঠুন।"

STOP-DWI প্রোগ্রাম নিউ ইয়র্কের উন্মত্ত অবস্থায় গাড়ি চালানো মোকাবেলার প্রচেষ্টার একটি প্রধান উপাদান। STOP-DWI মানে "মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য স্পেশাল ট্রাফিক অপশন প্রোগ্রাম (Special Traffic Options Program for Driving While Intoxicated)।" স্টেটের STOP-DWI কর্মসূচিটি দেশের প্রথম স্বনির্ভরশীল নেশাগ্রস্থ গাড়ি চালনা কর্মসূচি। কর্মসূচিটির সম্পূর্ণ অর্থায়ন করা হয় দোষী নেশাগ্রস্থ চালকদের কর্তৃক প্রদান করা জরিমান থেকে। গুরুত্বপূর্ণভাবে, প্রোগ্রামের সমন্বয়কারীরা আইন প্রয়োগকারী এবং আইন প্রয়োগকারী নয় এমন বিভিন্ন পেশাদারী পশ্চাদপট থেকে আসা মানুষদের সমন্বয়ে গঠিত।

মদ ও অন্যান্য মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমাতে স্থানীয় প্রচেষ্টার সমন্বয়ের উদ্দেশ্যে কাউন্টিগুলর ক্ষমতায়নে এই STOP-DWI কর্মসূচি তৈরি করা হয়েছিল। 62 কাউন্টির সবগুলো অংশগ্রহণ করেছিল। STOP-DWI কর্তৃক অর্থায়ন করা কয়েকটি প্রোগ্রামের উদাহরণ হল: মাতাল হয়ে গাড়ি চালনা বন্ধ করা প্রয়োগের জন্য নিবেদিত বিশেষভাবে প্রশিক্ষিত পুলিশ ইউনিট, মামলার ভার পরিচালনার জন্য বিশেষ প্রসিকিউটর এবং প্রবেশন অফিসারদের নিয়োগ, ইগনিশন ইন্টারলক ডিভাইসগুলো পর্যবেক্ষণ, পুনর্বাসন পরিষেবাগুলো সহায়তা, এবং তাদের নিজ অঞ্চলের সম্প্রদায়ের জন্য উপযুক্ত করে পাবলিক তথ্য এবং শিক্ষা প্রচার করা। আরও জানতে http://www.stopdwi.org/ এ যান।

STOP-DWI ছাড়াও, GTSC মাদক সনাক্তকরণ বিশেষজ্ঞ (Drug Recognition Experts, DRE) প্রশিক্ষণে সহায়তা করে। মাদক শনাক্তকরণ বিশেষজ্ঞ (DRE) হচ্ছে বিশেষভাবে প্রশিক্ষিত এমন অফিসার যাদেরকে আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক যখন কোনো চালককে আপাতভাবে মাতাল মনে হলেও, মদকে নেশাগ্রস্থ হবার কারণ কিংবা একমাত্র কারণ হিসেবে বিবেচনা করে না তখন ব্যবহার করা হয়। একটি DRE বিস্তৃত প্রশিক্ষণ গ্রহণ করে যা জাতীয় মহাসড়ক ট্র্যাফিক সুরক্ষা অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) এবং আন্তর্জাতিক পুলিশ প্রধানদের অ্যাসোসিয়েশন কর্তৃক অনুমোদিত। প্রশিক্ষণটি অফিসারদেরকে অবৈধ ও প্রেসক্রিপশন ড্রাগ সহ সাতটি মাদক ক্যাটাগরির মধ্যে প্রত্যেকটিতে থাকা দুর্বলতার লক্ষণ এবং নির্দেশকগুলো পর্যবেক্ষণ ও প্রমাণ করতে সমর্থ করে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, কমিউনিটি রেসিডেন্স, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত

ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

GTSC সম্পর্কে বিস্তারিত জানতে, https://trafficsafety.ny.gov/ ভিজিট করুন বা ফেসবুক (Facebook) ও টুইটার (Twitter)-এ GTSC-এর আলোচনা অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418